সংবাদ

তারিখ ৫/৯/৮১
পৃষ্ঠা ... কলাম ...

৩৭৯ 025

# নোবেল পুরস্কার প্রাপ্ত রবীন্দ্রনাথ কি পরিচয়ের যোগ্য নন?

গত ৩১শে আগষ্ট রাতে টি ভি তে প্রদর্শিত পরিচয় অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের নোবেল পুরস্কার প্রাপ্তদের সচিত্র পরিচয় দেয়া হয়। বলা হয়েছিল যাদের ছবি সংগ্রহ করা হয়েছে তাদেরই পরিচয় দেয়া হচ্ছে। এ প্রসংগে আমার এবং হাজারো শ্রোতা ও দর্শকের মনে যে একটা প্রশ্ন দেখা দিয়েছে তাহলো বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ছবি কি সংগ্রহ করা টেলিভিশন কর্তৃপক্ষের সম্ভব হয়নি? তা না হলে বিশ্ব নন্দিত প্রতিভাধর কবি, আমাদের জাতীয় সংগীতের রচয়িতা, সকল বঙ্গ ভাষীর গর্ব রবীন্দ্রনাথ ঠাকুরের নাম প্রচার হলো না কেন? ইদানিং রেডিও টি ভি তে রবীন্দ্রনাথকে সুকৌশলে এড়িয়ে যাওয়া হচ্ছে, যেমন হতো পাকিস্তান আমলে। রবীন্দ্রনাথ যে নোবেল পুরস্কার পেয়েছেন এই বাস্তব সত্য অস্বীকার করায় কি ফায়দা আছে জানিনে। আমাদের সংস্কৃতিকে আবারো পাকিস্তানী কায়দায় বিকৃত করার অপচেষ্টা আরম্ভ হয়নি তো? বুদ্ধিজীবী সমাজ কি এবারো চুপ করে থাকবেন?

খালেদ আহম্মদ রাধাইয়া
চান্দিনা, কুমিল্লা।